



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০৪.২৩- ৯৩৬

তারিখ: ২৭ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০২৩ খ্রি

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলাধীন সরাইল অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয় এর প্রধান শিক্ষক এর বদলি জনিত কারণে বিদ্যালয়ের সিনিয়র শিক্ষিকা জনাব সেলিনা আক্তার রোজী ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর দায়িত্বভার গ্রহণ করায় বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীর আয়ন ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

(ক) এই দায়িত্ব তার নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/ যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।

(খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহ স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।

(গ) দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

(ঘ) তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষর
৩০.৪.২৩
(দুর্গা রানী সিকদার)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০৪.২৩- ৯৩৬

তারিখ: ২৭ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০২৩ খ্রি

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা ;
০২. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,..... অঞ্চল,.....।
০৩. সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৪. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.....।
০৫. জেলা শিক্ষা অফিসার/সহকারী জেলা শিক্ষা অফিসার,.....।
০৬. জনাব,.....।
০৭. সংরক্ষণ নথি।

স্বাক্ষর
৩০.৪.২৩
(দুর্গা রানী সিকদার)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
Email: addshesecondary1@gmail.com